১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

# বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো
# ও
# এম.পি.ও নীতিমালা-২০১৮

১২ জুন, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫ তারিখ: ১২/০৬/২০১৮

# বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮

| ক্রমিক নং | জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ |
|---|---|
| ১. | বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) কর্মরত শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ সুষ্ঠুভাবে বণ্টন, উপযুক্ত জনবলকাঠামো প্রণয়ন ও এতদসংক্রান্ত পদ্ধতি যুগোপযোগীকরণের জন্য জনবলকাঠামো সম্পর্কিত নীতিমালা-২০১৮ প্রণয়ন করা হলো: |
| ২। | শিরোনাম : এ নীতিমালা "বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮" নামে অভিহিত হবে। |
| ৩। | নীতিমালার প্রয়োগ : এই নীতিমালা দেশের অভ্যন্তরে অবস্থিত নিম্নোক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য হবে:<br>৩.১। বিদ্যালয় (নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক);<br>৩.২। কলেজ (উচ্চ মাধ্যমিক, স্নাতক (পাস))<br>৩.৩। সংগীত কলেজ, শরীরচর্চা কলেজ, চারুকলা কলেজ, গার্হস্থ্য অর্থনীতি কলেজ ও নৈশকালীন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ এ নির্দেশিকার আওতাবহির্ভূত থাকবে। |
| ৪। | বেতন-ভাতাদির সরকারি অংশ এবং প্রদানকারী কর্তৃপক্ষ: এ নীতিমালার অধীনে নির্ধারিত পদ্ধতিতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের (স্কুল ও কলেজ) শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ হিসাবে বরাদ্দকৃত অর্থ বণ্টন করা হবে। এ নীতিমালার অধীনে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানকারী কর্তৃপক্ষ বলতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে বোঝাবে। |
| ৫। | বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির আবশ্যকীয় শর্তাবলি : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল ও কলেজ) শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য প্রতিষ্ঠানসমূহকে (স্কুল ও কলেজ) নিম্নোক্ত শর্তাবলি পূরণ করতে হবে:<br>৫.১। প্রাপ্যতা: প্রতিষ্ঠানকে (স্কুল ও কলেজ) অবশ্যই পরিশিষ্ট 'ক' অনুযায়ী ভৌগলিক দূরত্ব ও জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্যতার শর্তপূরণ করতে হবে।<br>৫.২। স্বীকৃতি/অধিভুক্তি : প্রতিষ্ঠানকে (স্কুল ও কলেজ) অবশ্যই শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্ত হতে হবে। একই সাথে এম.পি.ও এর আবেদন যাচাইকালে হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তির শর্তাবলি পূরণকৃত থাকতে হবে।<br>৫.৩। জনবলকাঠামো: প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) অবশ্যই সরকার অনুমোদিত জনবলকাঠামো অনুযায়ী শিক্ষক-কর্মচারী নিয়োজিত থাকতে হবে।<br>৫.৪। কাম্য শিক্ষার্থী : প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) অবশ্যই পরিশিষ্ট 'খ' অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থী থাকতে হবে।<br>৫.৫। কাম্য ফলাফল : প্রতিষ্ঠানকে (স্কুল ও কলেজ) অবশ্যই পাবলিক পরীক্ষায় পরিশিষ্ট-'গ' মোতাবেক কাম্য ফলাফল অর্জন করতে হবে।<br>৫.৬। ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি: প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা কমিটি/ গভর্নিং বডি থাকতে হবে।<br>৫.৭। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে NTRCA -এর মেধাক্রম/মনোনয়ন/নির্বাচন অনুসারে শিক্ষক নিয়োগ করবে।<br>কোন প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) স্বীকৃতি ও অধিভুক্তির জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ ঐ প্রতিষ্ঠানের এম.পি.ও.ভুক্তি নিশ্চিত করবে না। সরকার আর্থিক সামর্থ্য অনুযায়ী প্রতিষ্ঠানকে এম.পি.ওভুক্ত করবে। |



নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৬। নিয়োগ, যোগ্যতা এবং জনবলকাঠামো:-

৬.১ বিদ্যালয় : বেসরকারি বিদ্যালয়সমূহের শিক্ষক ও কর্মচারীর জনবলকাঠামো হবে নিম্নরুপ :

## (ক) নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম):

| ক্রমিক নং | পদবি | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | প্রধান শিক্ষক | ১ |
| ২ | সহকারী শিক্ষক (বাংলা) | ১ |
| ৩ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ৪ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১ |
| ৫ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ |
| ৬ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য) | ১ |
| ৭ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ৮ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) | ১ |
| ৯ | সহকারী শিক্ষক (ধর্ম) [প্রাপ্যতা সাপেক্ষে প্রতিটি ধর্মের জন্য] | ১ |
| ১০ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ১১ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ১২ | সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) | ১ |
| ১৩ | কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) | ১ |
| ১৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ |
| ১৫ | নিরাপত্তাকর্মী | ১ |
| ১৬ | পরিচ্ছন্নতাকর্মী | ১ |
| ১৭ | নৈশপ্রহরী | ১ |
| ১৮ | আয়া [বালিকা বিদ্যালয়ের জন্য/সহশিক্ষা চালু থাকলে] | ১ |
| | **মোট=** | **১৮** |

## (খ) মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম) :

| ক্রমিক নং | পদবি | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | প্রধান শিক্ষক | ১ |
| ২ | সহকারী প্রধান শিক্ষক | ১ |
| ৩ | সহকারী শিক্ষক (বাংলা) | ১ |
| ৪ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ৫ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১ |

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| ৬ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদনসহ ব্যবসায় শিক্ষা শাখা চালু থাকলে] | ১ |
| ৭ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ৮ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ৯ | সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) | ১ |
| ১০ | সহকারী শিক্ষক (ধর্ম) [প্রাপ্যতা সাপেক্ষে প্রতিটি ধর্মের জন্য] | ১ |
| ১১ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ১২ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ |
| ১৩ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য) | ১ |
| ১৪ | সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) | ১ |
| ১৫ | সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) [অনুমোদনসহ বিজ্ঞান শাখা চালু থাকলে] | ১ |
| ১৬ | সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার | ১ |
| ১৭ | কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) | ১ |
| ১৮ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ |
| ১৯ | নিরাপত্তাকর্মী | ১ |
| ২০ | পরিচ্ছন্নতাকর্মী | ১ |
| ২১ | নৈশপ্রহরী | ১ |
| ২২ | আয়া [বালিকা বিদ্যালয়ের জন্য/সহশিক্ষা চালু থাকলে] | ১ |
| | মোট= | ২২ |

**(গ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ):**

| ক্রমিক নং | পদবি | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ/প্রধান শিক্ষক | ১ |
| ২ | সহকারী প্রধান শিক্ষক | ১ |
| ৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) | ১ |
| ৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) | ১ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ঐচ্ছিক প্রতি বিষয়ে) | ১ |
| ৭ | সহকারী শিক্ষক (বাংলা) | ১ |
| ৮ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ৯ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১ |

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| ১০ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদনসহ ব্যবসায় শিক্ষা শাখা চালু থাকলে] | ১ |
| ১১ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ১২ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ১৩ | সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) | ১ |
| ১৪ | সহকারী শিক্ষক (ধর্ম) [প্রাপ্যতা সাপেক্ষে প্রতিটি ধর্মের ক্ষেত্রে] | ১ |
| ১৫ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ১৬ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ |
| ১৭ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য) | ১ |
| ১৮ | সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) | ১ |
| ১৯ | সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) [অনুমোদনসহ বিজ্ঞান শাখা চালু থাকলে] | ১ |
| ২০ | প্রদর্শক (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ২১ | সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার | ১ |
| ২২ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ২৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ২ |
| ২৪ | গবেষণাগার/ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ২৫ | নিরাপত্তাকর্মী | ১ |
| ২৬ | পরিচ্ছন্নতাকর্মী | ১ |
| ২৭ | নৈশপ্রহরী | ১ |
| ২৮ | আয়া (মহিলা কলেজের জন্য/ সহশিক্ষা চালু থাকলে) | ১ |
| | **মোট=** | ৩০ |

| | |
|---|---|
| ৬.১.১ | অতিরিক্ত শ্রেণি শাখা/বিষয়/বিভাগ খোলার শর্তাবলি : |
| | ক) নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-৮ম): প্রতিটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে একক শ্রেণির/শাখার শিক্ষার্থীর সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ)। তবে শিক্ষার্থীর সংখ্যা ৫০ (পঞ্চাশ)-এর অধিক হলে পরবর্তী ৪০ (চল্লিশ) জনের জন্য ২য় শাখা খোলা যাবে। তৃতীয়/পরবর্তী প্রতি শাখার জন্য পূর্ববর্তী শাখায় ৫০ (পঞ্চাশ) জন পূর্ণ হতে হবে। প্রতি শাখার জন্য ১(এক) জন হিসাবে গণনাপূর্বক শিক্ষকসংখ্যা বৃদ্ধি পাবে। তবে অনুমোদিত শ্রেণি শাখায় নিম্নোক্ত বিষয়ক্রম অনুসরণ করে শিক্ষক নিয়োগ করতে হবে: (১) বাংলা, (২) ইংরেজি, (৩) গণিত, (৪) সামাজিক বিজ্ঞান, (৫) ভৌত বিজ্ঞান, (৬) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (৭) ধর্ম, (৮) কৃষি/গার্হস্থ্য ইত্যাদি। তবে পূর্বের অনুমোদিত শাখায় বর্তমানে কাম্যসংখ্যক শিক্ষার্থী না থাকলে বা শাখা চালু না থাকলে উক্ত শাখায় শিক্ষক নিয়োগ দেওয়া যাবে না। |



নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | |
|---|---|
| | খ) মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১০ম) :<br>(i) নবম শ্রেণিতে মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ইত্যাদি খোলার জন্য প্রতি বিভাগে (Each stream) ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে।<br>(ii) প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে একক শ্রেণির/শাখার শিক্ষার্থীর সংখ্যা হবে ৫০(পঞ্চাশ)। তবে শিক্ষার্থীর সংখ্যা ৫০-এর অধিক হলে পরবর্তী ৪০ (চল্লিশ) জনের জন্য ২য় শাখা খোলা যাবে। তৃতীয়/পরবর্তী প্রতি শাখার জন্য পূর্ববর্তী শাখায় ৫০ (পঞ্চাশ) জন পূর্ণ হতে হবে। প্রতি শাখার জন্য ১ (এক) জন হিসাবে গণনাপূর্বক শিক্ষক সংখ্যা বৃদ্ধি পাবে। তবে অনুমোদিত শ্রেণি শাখায় নিম্নোক্ত বিষয়ক্রম অনুসরণ করে শিক্ষক নিয়োগ করতে হবে: ১) বাংলা, (২) ইংরেজি, (৩) গণিত, (৪) সামাজিক বিজ্ঞান, (৫) ভৌত বিজ্ঞান, (৬) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (৭) ধর্ম, (৮) কৃষি/গার্হস্থ্য।<br>তবে পূর্বের অনুমোদিত শাখায় বর্তমানে কাম্যসংখ্যক শিক্ষার্থী না থাকলে বা শাখা চালু না থাকলে উক্ত শাখায় শিক্ষক নিয়োগ দেওয়া যাবে না। |
| | গ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ-১২শ) :<br>(i) একাদশ শ্রেণিতে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ খোলার জন্য প্রতি বিভাগে (Each stream) ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে।<br>(ii) উচ্চ মাধ্যমিক পর্যায়ে সাধারণত প্রতি বিভাগে চারটি বিষয় (Subject) থাকবে, তবে ৫ম বা ততোধিক বিষয় খুলতে হলে ঐ বিষয়ে কমপক্ষে ২৫ জন শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট **বিভাগে** মোট শিক্ষার্থী ১০০ জন হতে হবে।<br>(iii) ) প্রভাষকদের এম.পি.ও প্রাপ্তির ক্ষেত্রে বিষয়ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা ন্যূনতম ২৫ জন থাকতে হবে। |

## ৬.২ কলেজ

বেসরকারি কলেজসমূহের শিক্ষক ও কর্মচারীর জনবলকাঠামো হবে নিম্নরূপ :

ক. উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ) :

| ক্রমিক নং | পদবি | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) | ১ |
| ৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) | ১ |
| ৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ঐচ্ছিক প্রতি বিষয়ে) | ১ |
| ৬ | শরীরচর্চা শিক্ষক | ১ |
| ৭ | প্রদর্শক (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ৮ | সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার | ১ |
| ৯ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ১০ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ২ |
| ১১ | গবেষণাগার/ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ১২ | অফিস সহায়ক | ১ |

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| ১৩ | নিরাপত্তাকর্মী | ১ |
| ১৪ | পরিচ্ছন্নতাকর্মী | ১ |
| ১৫ | নৈশপ্রহরী | ১ |
| ১৬ | আয়া (মহিলা কলেজের জন্য/সহশিক্ষা চালু থাকলে) | ১ |
| | **মোট=** | ১৭ |

খ. স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ) :

| ক্রমিক নং | পদবি | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |
| ৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) | ২ |
| ৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) | ২ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ঐচ্ছিক প্রতি বিষয়ে স্নাতকস্তর চালু থাকলে) | ২ |
| ৭ | শরীরচর্চা শিক্ষক | ১ |
| ৮ | প্রদর্শক (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ৯ | গ্রন্থাগারিক | ১ |
| ১০ | সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার | ১ |
| ১১ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ১২ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ২ |
| ১৩ | গবেষণাগার/ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ১৪ | অফিস সহায়ক | ৫ |
| ১৫ | নিরাপত্তাকর্মী | ১ |
| ১৬ | পরিচ্ছন্নতাকর্মী | ২ |
| ১৭ | নৈশপ্রহরী | ১ |
| ১৮ | আয়া (মহিলা কলেজের জন্য/ সহশিক্ষা চালু থাকলে) | ১ |
| | মোট= | ২৮ |

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সোহরাব
মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | |
|---|---|
| ৬.২.১ | উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) কলেজে বিষয়/বিভাগ খোলার শর্তাবলি: |
| | ক) উচ্চ মাধ্যমিক কলেজ (১১শ-১২শ):<br>(i) একাদশ শ্রেণিতে মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ইত্যাদি বিভাগ খোলার জন্য প্রতি বিভাগে (Each stream) ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে।<br>(ii) উচ্চ মাধ্যমিক পর্যায়ে সাধারণত প্রতি বিভাগে চারটি বিষয় (Subject) থাকবে, তবে ৫ম বা ততোধিক ঐচ্ছিক বিষয় খুলতে হলে ঐ বিষয়ে কমপক্ষে ২৫ জন শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট বিভাগে ন্যূনতম শিক্ষার্থী সংখ্যা ১০০ জন হতে হবে। |
| | খ) স্নাতক (পাস) কলেজ (১১শ-১৫শ):<br>(i)একাদশ শ্রেণিতে মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ইত্যাদি বিভাগ খোলার জন্য প্রতি বিভাগে (Each stream) ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে।<br>(ii) উচ্চ মাধ্যমিক পর্যায়ে সাধারণত প্রতি বিভাগে চারটি বিষয় (Subject) থাকবে, তবে ৫ম বা ততোধিক বিষয় খুলতে হলে ঐ বিষয়ে কমপক্ষে ২৫ জন শিক্ষার্থীসহ ঐ বিভাগে মোট শিক্ষার্থী ১০০ জন হতে হবে।<br>(iii) স্নাতক(পাস) ১ম বর্ষ খোলার জন্য প্রতি বিভাগে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে।<br>(iv) স্নাতক(পাস) পর্যায়ে সাধারণত প্রতি বিভাগে তিনটি বিষয় (Subject) থাকবে, তবে ৪র্থ বা ততোধিক ঐচ্ছিক বিষয় খুলতে হলে ঐ বিষয়ে কমপক্ষে ২৫ জন শিক্ষার্থীসহ ঐ বিভাগে মোট শিক্ষার্থী সংখ্যা ৭৫ জন থাকতে হবে।<br>(v) প্রভাষকদের এম.পি.ও প্রাপ্তির ক্ষেত্রে বিষয়ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা ন্যূনতম ২৫ জন থাকতে হবে। |

৭। <u>শিক্ষকতার বিষয় নির্ধারণ :-</u>

৭.১ শিক্ষকমণ্ডলীকে তাদের মূল বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে পাঠদান করতে হবে।

৭.২ শিক্ষকদের ক্লাস/পিরিয়ড বিষয়ভিত্তিক ক্লাসের চাহিদানুযায়ী নিরূপিত হবে। তাছাড়া প্রতি শিক্ষকের ন্যূনতম অপর ২টি বিষয়ে ক্লাস নেওয়ার দক্ষতা থাকতে হবে।

৭.৩ উচ্চতর স্তরের শিক্ষকদের প্রয়োজনানুযায়ী নিম্ন শ্রেণিসমূহের ক্লাস নিতে হবে।

৭.৪ প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষককে উক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ও অবশ্য অনুকরণীয় সহ পাঠক্রমিক বিষয়ের ন্যূনতম একটি বিষয়ে দায়িত্ব পালন করতে হবে।

৮। <u>প্রতিষ্ঠানে শিফট খোলার শর্তাবলি :</u>

ক) প্রতিষ্ঠানের শিফটের শর্তাবলিঃ যে সকল শিক্ষাপ্রতিষ্ঠানে শিফট বিদ্যমান আছে, সে সকল শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণিসমূহের মধ্যে ছাত্র/ছাত্রীর সংখ্যা ১৫০ বা এর অধিক হলে শিফট বিদ্যমান থাকবে এবং শিফটের বিপরীতে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের এম.পি.ও. চলমান থাকবে। এই নীতিমালা জারির পর কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে নতুন করে ২য় শিফট খোলা যাবে না।

খ) এই নীতিমালা জারির পর কোনো শিক্ষাপ্রতিষ্ঠান তার অনুমোদিত মূল ক্যাম্পাস ব্যতীত অন্য কোথাও ক্যাম্পাস/ব্রাঞ্চ খুলতে পারবে না।

৯। <u>পদ সমন্বিতকরণ</u> :

(i) বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানে এ নীতিমালায় বর্ণিত জনবলকাঠামো অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োজিত থাকবে।

(ii) এ জনবলকাঠামো অনুযায়ী শিক্ষক-কর্মচারীর প্রাপ্যতা নির্ধারণের পর কোনো প্রতিষ্ঠানে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত শিক্ষক-কর্মচারীর সংখ্যা যদি প্রাপ্যতার অতিরিক্ত হয়, তবে অতিরিক্ত পদসমূহ উদ্বৃত্ত পদ বলে বিবেচিত হবে। এরূপ উদ্বৃত্ত পদে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও.ভুক্ত অতিরিক্ত জনবল থাকলে তারা বেতন-ভাতাদির সরকারি অংশ পেতে থাকবেন। এ সকল পদ শূন্য হলে উক্ত পদে নতুনভাবে আর নিয়োগ দেয়া যাবে না। তবে প্রথমত: প্যাটার্নভুক্ত পদ কোন কারণে শূন্য হলে বিষয়ভিত্তিক শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এম.পি.ও ভুক্ত উদ্বৃত্ত পদ হতে উক্ত পদে শিক্ষক/কর্মচারী সমন্বয় করতে হবে (প্রতিষ্ঠান প্রধান ও সহ-প্রধান পদ ব্যতীত)। দ্বিতীয়ত: এম.পি.ও.ভুক্ত উদ্বৃত্ত পদের শিক্ষক-কর্মচারীদের সমন্বয়ের পর অবশিষ্ট শূন্য পদে স্কুলে নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও কলেজে উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও ভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূন্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে। উদ্বৃত্ত পদের শিক্ষক-কর্মচারীদের সমন্বয় করা সম্ভব না হলে জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্য পদে শিক্ষক/কর্মচারী নিয়োগ দেওয়া যাবে এবং তারা এম.পি.ও ভুক্ত হতে পারবেন।



নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(iii) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী মহিলা কোটা পূরণ করতে হবে; এ ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।

১০। সরকার সময়ে সময়ে কোনো বিষয়কে আবশ্যিক হিসেবে ঘোষণা করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উক্ত বিষয়ে পদ সৃষ্টি হবে এবং উক্ত পদে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ এম.পি.ও ভুক্ত হবেন।

১১। শিক্ষক ও কর্মচারীদের (স্কুল, কলেজ) বেতন-ভাতা নির্ধারণ :

১১.১ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল, কলেজ) সকল শিক্ষক ও কর্মচারীকে অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ আইন/বিধি অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ ও চাকরি বিধি অনুযায়ী নিয়োজিত এবং পরিশিষ্ট 'ঘ' তে সংযোজিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়/পদে ইনডেক্সধারী/নিবন্ধন সনদধারী হতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে NTRCA-এর মেধাক্রম/মনোনয়ন/নির্বাচন অনুসারে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে।

১১.২ এম.পি.ও.বিহীন কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে এ নীতিমালা জারির পূর্বে বিধিমোতাবেক (অভিজ্ঞতা ব্যতীত) নিয়োজিত নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন নিবন্ধনধারী প্রতিষ্ঠান প্রধান বা সহ-প্রধানগণ প্রতিষ্ঠান এম.পি.ও.ভুক্তির সময়ে পরিশিষ্ট 'ঘ' অনুযায়ী কাম্য অভিজ্ঞতা না থাকলে বর্ণিত স্কেলের এক ধাপ নিচের বেতন-স্কেলে বেতন-ভাতাদি পাবেন। তবে অভিজ্ঞতা পূর্ণ হলে পরিশিষ্ট 'ঘ' অনুযায়ী বেতন-ভাতাদি পাবেন। এম.পি.ও.ভুক্ত কোন শিক্ষাপ্রতিষ্ঠানে জনবল কাঠামোর পরিশিষ্ট 'ঘ' তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ব্যতীত কাউকে নিয়োগ দেওয়া যাবে না।

১১.৩ (ক) নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়ে এম.পি.ও ভুক্ত শিক্ষায় ডিগ্রিবিহীন কোন সহকারী শিক্ষক/ সহকারী মৌলভি যোগদানের ০৫ (পাঁচ) বছরের মধ্যে সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষায় ডিগ্রি (বিএড/ডিপ-ইন-এড/বিএমএড/ সমমান-যাদের ক্ষেত্রে এ সকল ডিগ্রি প্রযোজ্য) অর্জন করলে তিনি এ ডিগ্রির জন্য বেতন স্কেলের গ্রেড-১০ এ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।
(খ) শিক্ষায় ডিগ্রি (বিএড/ডিপ-ইন-এড/বিএমএড/সমমান-যাদের ক্ষেত্রে এ সকল ডিগ্রি প্রযোজ্য) অর্জনের জন্য নির্ধারিত বেতন গ্রেড-১০ ব্যতীত অন্য কোন উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন না।

১১.৪ এম.পি.ও.ভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এম.পি.ও. ভুক্তির ০৮ (আট) বছর পূর্তিতে ৫:২ অনুপাতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এতে মোট পদসংখ্যা বৃদ্ধি পাবে না। অন্য প্রভাষকগণ এম.পি.ও ভুক্তির ১০ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে বেতন গ্রেড ৯ থেকে ৮ প্রাপ্য হবেন। ১০ বছর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির পর পরবর্তী ০৬ বছরে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রাপ্ত না হলে ০৬ বছর পূর্তিতে বেতন গ্রেড ৮ থেকে ৭ প্রাপ্য হবেন। সমগ্র চাকরি জীবনে দুটির বেশি উচ্চতর গ্রেড/টাইম স্কেল প্রাপ্য হবেন না।

১১.৫ শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীগণ তাঁদের এম.পি.ও ভুক্তির তারিখ হতে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকরি পূর্ণ হলে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ বছর পর একইভাবে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন। তবে উল্লিখিত স্কেল প্রাপ্তির ক্ষেত্রে একই স্কেলে যথাক্রমে ১০ বছর ও ০৬ বছর চাকুরি পূর্ণ হতে হবে। সমগ্র চাকরি জীবনে দুটির বেশি উচ্চতর গ্রেড/টাইম স্কেল (যে নামেই অভিহিত হোক না কেন) প্রাপ্য হবেন না।

১১.৬ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। তবে সমপদে বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/ সহ: প্রধান/ শিক্ষক-কর্মচারীকে কোনো অবস্থাতেই পূনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না।

১১.৭ কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে অনুমোদিত জনবলকাঠামোর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োজিত রাখলে অতিরিক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি ও আনুষঙ্গিক সুবিধাদি ১০০% সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানকে বহন করতে হবে।

১১.৮ ইনডেক্সধারী শিক্ষক/কর্মচারী এক ধরনের প্রতিষ্ঠান হতে অন্য ধরনের প্রতিষ্ঠানে সমপদে/সমস্কেলে চাকরিতে যোগদান করলে পূর্ব অভিজ্ঞতা গণনাযোগ্য হবে।

১১.৯ এ নীতিমালা জারির কারণে উদ্ভূত পূর্বের বকেয়া কোনো সুবিধা প্রদান করা হবে না;

১১.১০ (ক) বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক-কর্মচারীগণ একই সাথে একাধিক পদে চাকরিতে বা আর্থিক লাভজনক কোন পদে নিয়োজিত থাকতে পারবেন না।

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(খ) এম.পি.ও.ভুক্ত কোন শিক্ষক-কর্মচারী প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে যোগদান করলে যোগদানের তারিখ থেকে পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান/পদের বেতন-ভাতা উত্তোলন করতে পারবেন না।

১১.১১ বেসরকারি কলেজে (ক) প্রভাষক (ফিন্যান্স, ব্যাংকিংও বীমা) পদে এম.পি.ও.ভুক্তির ক্ষেত্রে ফিন্যান্স বা ব্যাংকিং ও ইন্সুরেন্স বিষয়ে; (খ) প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে এম.পি.ও.ভুক্তির ক্ষেত্রে মার্কেটিং বা ইন্টারন্যাশনাল বিজনেস বা ম্যানেজমেন্ট বিষয়ে এবং (গ) প্রভাষক (শিশুর বিকাশ/ খাদ্য ও পুষ্টি/ গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন/ শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ) পদে এম.পি.ও.ভুক্তির ক্ষেত্রে গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে নিবন্ধন থাকতে হবে।

১১.১২ বেসরকারি স্কুল ও কলেজে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে কাঙ্ক্ষিত শিক্ষাগত যোগ্যতার মধ্যে সমগ্র শিক্ষাজীবনে 'পরিশিষ্ট-ঘ' মোতাবেক একটি তৃতীয় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।

১১.১৩ ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারী সমপদ/সমস্কেলে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে এ নীতিমালার পরিশিষ্ট 'ঘ' তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা (শ্রেণি/বিভাগ) প্রযোজ্য হবে না ; সে ক্ষেত্রে তাদের প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে।

১১.১৪ মাধ্যমিক বিদ্যালয়ে কোনো একটি ধর্মের শিক্ষার্থীর সংখ্যা ৪০ (চল্লিশ) বা ততোধিক হলে সেই ধর্মের জন্য ১ জন করে ধর্মীয় শিক্ষক নিয়োগ দেওয়া যাবে।

১১.১৫ (ক) মাধ্যমিক বিদ্যালয় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত হলে কর্মরত প্রধান শিক্ষক স্ববেতনে স্বপদে নিয়োজিত থাকবেন। প্রধান শিক্ষক কর্মরত থাকা অবস্থায় অধ্যক্ষ নিয়োগ করা যাবে না। বিদ্যালয়টির উচ্চ মাধ্যমিক স্তর এম.পি.ও.ভুক্ত না হলে এবং প্রধান শিক্ষক পদটি শূন্য হলে উক্ত পদে প্রধান শিক্ষক নিয়োগ দেয়া যাবে। তবে মাধ্যমিক বিদ্যালয়টির উচ্চ মাধ্যমিক স্তর এম.পি.ও ভুক্ত হলে ও প্রধান শিক্ষক পদটি শূন্য হলে উক্ত পদটি অধ্যক্ষ পদে উন্নীত হবে এবং অধ্যক্ষ নিয়োগ দিতে হবে।

১১.১৬ (ক) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে মাদ্রাসা/ কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রভাষক (সাধারণ)/সহকারী অধ্যাপক (সাধারণ) এর অভিজ্ঞতা গণনা করা হবে।

১১.১৬ (খ) স্নাতক (পাস) কলেজের অধ্যক্ষ/উপাধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে মাদ্রাসা/ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রভাষক (সাধারণ)/ সহকারী অধ্যাপকের (সাধারণ) অভিজ্ঞতা গণনা করা হবে।

১১.১৬ (গ) মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষকের অভিজ্ঞতা গণনা করা হবে।

১১.১৭ এই নীতিমালা জারির পূর্বে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারী এই জনবলকাঠামো ও এম.পি.ও.নীতিমালায় বর্ণিত প্যাটার্নভুক্ত শূন্যপদে এম.পি.ও ভুক্ত হতে পারবেন।

**১২। শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) পরিবর্তনঃ-** বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে চাকরিরত অবস্থায় প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের মাধ্যমে কোনো শিক্ষক/কর্মচারী অন্য যেকোনো এম.পি.ও ভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে সমপদে/উচ্চতর পদে নিয়োগের জন্য আবেদন করলে তাঁকে বিভাগীয় প্রার্থীরূপে গণ্য করা হবে। এরূপ প্রার্থী যে শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োজিত হবেন সে শিক্ষাপ্রতিষ্ঠান এম.পি.ও.ভুক্ত হলে পূর্বোক্ত প্রতিষ্ঠানের ছাড়পত্র ও দায়মুক্তি পত্র গ্রহণ এবং অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে তিনি নতুন প্রতিষ্ঠানে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্য হবেন। তবে এক প্রতিষ্ঠান হতে চাকরি ত্যাগ করার পর অন্য প্রতিষ্ঠানে যোগদানের সময়ের ব্যবধান সর্বোচ্চ ২ (দুই) বছর পর্যন্ত তাঁর ইনডেক্স বহাল থাকবে; এর অধিক হলে চাকুরির বিরতি (Break of Service) বলে গণ্য হবে। সরকার এম.পি.ও ভুক্ত শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনবোধে নীতিমালা প্রণয়নের মাধ্যমে এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে বদলি করতে পারবে। পরবর্তীতে অভিজ্ঞতা গণনার ক্ষেত্রে চাকুরীর বিরতিকাল বাদ যাবে।

**১৩। জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ :-** শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। তবে কোন শিক্ষকের নিয়োগ নিয়মিতকরণ করা হলে নিয়মিতকরণের তারিখ যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে।

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৪। শিক্ষাপ্রতিষ্ঠান গ্রেডিং: শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভুক্তিকরণের নিম্নরূপ সূচকের আলোকে গ্রেডিং করা হবে:

| | |
|---|---|
| একাডেমিক স্বীকৃতির তারিখ | ২৫ (প্রতি ২ বছরের জন্য ৫, ১০ বা তদূর্ধ্ব বছর হলে ২৫) |
| শিক্ষার্থীর সংখ্যা | ২৫ ( কাম্য সংখ্যার ক্ষেত্রে ১৫, কাম্য সংখ্যার পরবর্তী প্রতি ১০% বৃদ্ধির জন্য ৫) |
| পরীক্ষার্থীর সংখ্যা | ২৫ ( কাম্য সংখ্যার ক্ষেত্রে ১৫, কাম্য সংখ্যার পরবর্তী প্রতি ১০ জনের ৫ ) |
| উত্তীর্ণের | ২৫ (কাম্য হার অর্জনের ক্ষেত্রে ১৫, পরবর্তী প্রতি ১০% এর জন্য ৫ জন |
| মোট = | ১০০ |

১৫। শিক্ষাপ্রতিষ্ঠান এম.পি.ও ভুক্তির পদ্ধতি: শিক্ষাপ্রতিষ্ঠান এম.পি.ওভুক্তির জন্য কাম্যশর্তাদি পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

১৬। (ক) এম.পি.ও ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান বাছাইয়ের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিবকে (মাধ্যমিক) কে আহবায়ক করে একটি কমিটি হবে। কমিটি এ নীতিমালা এবং বাজেট বরাদ্দের আলোকে এম.পি.ও.ভুক্তির জন্য প্রতিষ্ঠান বাছাইপূর্বক সরকারের নিকট সুপারিশ করবে। তবে জনস্বার্থে গুরুত্বপূর্ণ বিবেচনায় এম.পি.ও ভুক্তির শর্তপূরণ সাপেক্ষে সরকার কোনো প্রতিষ্ঠানের এম.পি.ও ভুক্তির আদেশ দিতে পারবেন।

(খ) কোন শিক্ষাপ্রতিষ্ঠান মন্ত্রণালয় কর্তৃক এম.পি.ও.ভুক্তির আদেশ প্রাপ্ত হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী এম.পি.ও কোড প্রদান করবে।

**১৭। শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতাদির সরকারি অংশ ছাড়করণ পদ্ধতি:**

১৭.১ বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য শিক্ষক/কর্মচারীকে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশিত প্রক্রিয়ায় আবেদন/অন লাইনে আবেদন করতে হবে।

১৭.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৯টি আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট বিধি বিধান ও নিয়মাবলির আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষক/কর্মচারীদের বেতন- ভাতাদির সরকারি অংশ ছাড় করবেন।

১৭.৩ অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন করা, ভুয়া বা জাল কাগজপত্র দাখিল, প্রাপ্যতা না থাকা সত্ত্বেও আবেদনপত্র প্রেরণ করার কারণে বেতন-ভাতাদি'র সরকারি অংশ ছাড়করণে অনিয়মের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/শিক্ষক-কর্মচারী/প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি-গভর্নিং বডি দায়ী থাকবেন এবং তাদের বিরুদ্ধে যথোপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৮। বেতন-ভাতাদির সরকারি অংশ স্থগিত, কর্তন ও বাতিলকরণ :**

১৮.১ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় নিম্নোক্ত কারণে কোনো বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশের বরাদ্দ সাময়িক বন্ধ, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করতে পারবে;

(ক) এ নির্দেশিকার ৫নং অনুচ্ছেদে বর্ণিত আবশ্যকীয় শর্ত পূরণ না করলে বা প্রতিষ্ঠানের এম.পি.ও ভুক্তির শর্ত ভঙ্গ প্রমাণিত হলে প্রতিষ্ঠানের এম.পি.ও স্থগিত/বাতিল করা যাবে।

(খ) সরকার বা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক হিসাব সংরক্ষণ ও আয়-ব্যয় নিরীক্ষা না করলে অথবা সরকারের নির্দেশনা প্রতিপালন না করলে, ব্যয়ের ক্ষেত্রে PPR অনুসরণ না করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

(গ) মিথ্যা তথ্য প্রদান, অবৈধ শিক্ষক নিয়োগ, ভুয়া শাখা/মিথ্যা শিক্ষার্থী প্রদর্শন, পাবলিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/অধিদপ্তর/বোর্ডের আপিল ও আরবিট্রেশনের সিদ্ধান্ত প্রতিপালন না করলে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী এবং প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে।

(ঘ) প্রতিষ্ঠান কর্তৃক NTRCA-তে শিক্ষক/কর্মচারীর চাহিদা দিলে, উক্ত পদে NTRCA কর্তৃক নির্বাচিত/মনোনীত শিক্ষক/কর্মচারী নিয়োগ দিতে হবে। প্যাটার্ন অতিরিক্ত চাহিদা দিলে উক্ত শিক্ষক/কর্মচারীর শতভাগ বেতন-ভাতা প্রতিষ্ঠান থেকে নির্বাহ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

(ঙ) এম.পি.ও.ভুক্তির জন্য জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এম.পি.ও.ভুক্তির জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারির বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

(চ) বেতন-ভাতাদি'র সরকারি অংশ উত্তোলনে অনিয়মের জন্য প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৮.২ স্থগিতকৃত বেতন-ভাতাদির সরকারি অংশের কোনো বকেয়া প্রদান করা হবে না।

১৮.৩ স্থগিতকৃত এম.পি.ও. পুনরায় চালুর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হবে;

১৮.৪ এম.পি.ও. স্থগিত অথবা বাতিলকৃত কোনো প্রতিষ্ঠান পরবর্তীতে এম.পি.ও.র শর্তপূরণ করলে পুনরায় এম.পি.ও. ছাড়ের যোগ্য বিবেচিত হবে। এ ক্ষেত্রে এম.পি.ও. স্থগিতকালীন সময়ের কোনো বকেয়া বেতন-ভাতা প্রাপ্য হবে না।

১৮.৫ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

১৮.৬ ব্যক্তিগত মামলায় নির্দোষ প্রমাণিত হলে আদালতের নির্দেশনা সাপেক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বকেয়া বেতন পরিশোধের বিষয়টি বিবেচনা করবে।

১৯। পূণঃর্বিবেচনার আবেদন : কোনো প্রতিষ্ঠান/শিক্ষক-কর্মচারীর বেতন ভাতাদির সরকারি অংশ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্থগিত, কর্তন ও বাতিলের বিরুদ্ধে নিম্নোক্তভাবে সরকারের নিকট পূণঃর্বিবেচনার জন্য আবেদন করা যাবে।

(ক) প্রতিষ্ঠানের প্রধান বা শিক্ষক-কর্মচারীকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর উপযুক্ত কারণ উল্লেখপূর্বক ও প্রমাণাদি সহকারে ৩০ দিনের মধ্যে আবেদন করতে হবে।

(খ) সংশ্লিষ্ট অধিদপ্তরের মহাপরিচালক এটি পরীক্ষান্তে ৩০ দিনের মধ্যে শুনানি গ্রহণপূর্বক মতামতসহ শিক্ষা মন্ত্রণালয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে।

(গ) এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী চূড়ান্ত নিষ্পত্তির জন্য সুপারিশ প্রদান করবে –

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি ০৪ জন (স্কুল-২/কলেজ-১/আইন-১) [ পরিচালক/উপ-পরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের ] | - সদস্য |
| (৩) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিনিধি | - সদস্য |
| (৪) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, অডিট, আইন, বে-সরকারি মাধ্যমিক ১, ২, বে-সরকারি কলেজ শাখার প্রতিনিধি | - সদস্য |
| (৫) যুগ্ম-সচিব/উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্যসচিব |

২০। শিক্ষক ও শিক্ষাপ্রতিষ্ঠান মূল্যায়ন ব্যবস্থা: প্রতিষ্ঠান প্রধানসহ সকল এম.পি.ও ভুক্ত শিক্ষকের কাজের মূল্যায়নের ব্যবস্থা থাকতে হবে। প্রত্যেক এম.পি.ও ভুক্ত প্রতিষ্ঠান এম.পি.ও ভুক্ত শিক্ষকের বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা করবে। এ বিষয়ে সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২১। আঞ্চলিক সামঞ্জস্য বিধান: এম.পি.ও ভুক্তির জন্য শিক্ষাপ্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে আঞ্চলিক সামঞ্জস্য রক্ষা করতে হবে। এই নীতিমালা অনুসরণে নতুন প্রতিষ্ঠান (স্কুলও কলেজ) এম.পি.ও ভুক্ত করার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার জনসংখ্যা, এম.পি.ও ভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ও প্রতিষ্ঠানের ধরন বিবেচনা করতে হবে। এক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় যথাযথ সূচক/প্রক্রিয়া নির্ধারণ এবং কার্যকর করবে।

২২। বিশেষ ক্ষেত্রে শর্ত শিথিল: শিক্ষায় অনগ্রসর, ভৌগোলিকভাবে অসুবিধাজনক (Geographically Disadvantaged) পাহাড়ি এলাকা, হাওর-বাওড়, চরাঞ্চল, নারীশিক্ষা, সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠী, প্রতিবন্ধী, বিশেষায়িত শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠার ক্ষেত্রে বিশেষ বিবেচনায় শর্ত শিথিল করা যেতে পারে।

২৩। রহিতকরণ: এ নীতিমালা কার্যকর হওয়ার পূর্বে জারিকৃত শিক্ষা মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত সকল আদেশ ও নির্দেশনায় বর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানের বেতন-ভাতাদির সরকারি অংশ এবং জনবল কাঠামো সম্পর্কিত সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গণ্য হবে।

নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৪। নীতিমালার কার্যকারিতা: এ নীতিমালা নিম্নরূপভাবে কার্যকর হবে;

(ক) নীতিমালার জারি হওয়ার পূর্বে এম.পি.ও.ভুক্ত শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান অব্যাহত থাকবে;

(খ) নিবন্ধন পরীক্ষা ও নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষক নির্বাচন চালু হওয়ার পূর্বে পাঠদানের অনুমতি প্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন হবে না;

